
# মাইক্রোসফট পাওয়ার পয়েন্টে স্টাইলিশ টেবিল যুক্ত করার কৌশল

**মুহম্মদ আনোয়ার হোসেন ফকির**
*লিড কনসালট্যান্ট, ট্রেইনিং বাংলা*

মাইক্রোসফট পাওয়ার পয়েন্টে বিভিন্ন ধরনের তথ্য সংগঠন ও উপস্থাপন করার জন্য টেবিল একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। পাওয়ারপয়েন্টে টেবিল নিয়ে কাজ খুব দ্রুততার সাথে করা যায় এবং ডেটা প্রেসেন্ট করার জন্য খুব ভালো মানের সুবিধা দেয়। আমরা এই পর্বে শেখার চেষ্টা করব খুবই দ্রুত উপায়ে কীভাবে পাওয়ার পয়েন্টে টেবিল যুক্ত করতে হয় এবং টেবিলগুলোকে দেখতে অসাধারণ করার সাধারণ কৌশল।


## ১। পাওয়ার পয়েন্টে টেবিল যুক্ত করা

প্রথমে পাওয়ার পয়েন্ট অ্যাপ্লিকেশনের ওপরে অবস্থিতInsert রিবনের বাম দিকে অবস্থিত Table-এ ক্লিক করলে একটি ড্রপডাউন মেনু আসবে। যেখান থেকে চাহিদা অনুযায়ী Row এবং Column-এর সংখ্যা বেছে নিতে হবে।





## ২। নিজের মতো করে সেলগুলোকে সাজানো

Insert অপশনে ক্লিক করার পর যে গ্রিড আসবে তার ওপর মাউসের পয়েন্টারটি নাড়ালে পাওয়ার পয়েন্ট বিভিন্ন ধরনের টেবিলের সাইজ দেখাবে। এ ক্ষেত্রে আমি পাঁচটি কলাম ও পাঁচটি রো যুক্ত করব। যদি কোনো কারণে টেবিলের সাইজ পরিবর্তন করার প্রয়োজন হয় সেক্ষেত্রে চিন্তার কোনো কারণ নেই। এখন পাওয়ার পয়েন্টের স্লাইডটির ওপর টেবিলটি যুক্ত হয়েছে। সেলগুলোর ওপর ক্লিক করে নিজের মতো করে টেবিলটি ছোট বা বড় প্রয়োজনীয় আকারে সাজিয়ে নেয়া যাবে।





## ৩। প্রয়োজন হলে নতুন সারি অথবা কলাম যুক্ত করা

যদি আরেকটি রো বা কলাম যোগ করতে হয়, তবে পাওয়ার পয়েন্টের একবারে ওপরের দিকে থাকা লেআউট ট্যাব ক্লিক করতে হবে। চাইলে ইনসার্ট রাইট ক্লিক করতে পারি যাতে ডান পাশে একটি নতুন কলাম যুক্ত করতে পারি, যেখানে আমি ইনসার্ট লেফট সিলেক্ট করেছি যাতে আমার সিলেকশনের বাম পাশে একটি নতুন কলাম যুক্ত করতে পারি।আমি চাইলে ইনসার্ট বিলো দিতে পারি নিচের দিকে একটি রো যুক্ত করার জন্য অথবা ইনসার্ট এবোভ দিতে পারি যেখানে আমার কার্সর আছে ঠিক তার ওপরে রো যুক্ত করার জন্য।




## ১। টেবিল টুলস ডিজাইন মেন্যুর সাহায্যে স্টাইল করা


আমাদের কাছে একটি সাধারণ টেবিল ডেটা রয়েছে পাওয়ারপয়েন্টে। এবার এই টেবিলকে সাজানোর মাধ্যমে দেখতে অসাধারণ করে তুলতে হবে। শুরু করার সবচেয়ে দ্রুততম পদ্ধতি হলোরিবনে টেবিল টুলস ডিজাইন (TableToolsDesign) মেন্যুতে ক্লিক করা।



## ২। পাওয়ারপয়েন্ট টেবিল টুল ডিজাইন প্রিসেট ব্যবহার করে স্টাইল করা

এখানের থাম্বনেইলগুলো থেকে একটিতে ক্লিক করে প্রিসেট

স্টাইল দিয়ে শুরু করি। যখন এগুলোর একটিতে ক্লিক করা হয়, তখন দেখা যায় টেবিলটি সাথে সাথে স্টাইল করা হয়ে গেছে।





**পাওয়ারপয়েন্ট টেবিল টুল ডিজাইন প্রিসেটস**


আমরা যদি অন্য স্টাইল দিয়ে করতে চাই, আমরা শুধু অন্য একটি থাম্বনেইলে ক্লিক করলেই পারব। বেশিরভাগ ক্ষেত্রেটেবিলকে অসাধারণ করতে এটাই যথেষ্ট, কিন্তু আরো কিছু বাড়তি এক-ক্লিকের অপশন দেখে নিই।

## ৩। পাওয়ার পয়েন্ট টেবিল স্টাইল অপশন ব্যবহার করে

অনেক সময় আমাদের টেবিলের প্রথম এবং শেষ কলামে গুরুত্বপূর্ণ ডেটা বা তথ্য থাকে। সুতরাং, আমরা এমন অপশনে ক্লিক করব যাতে উক্ত অংশে দৃষ্টি আকর্ষণ করাতে পারি। আমি যখনই ওপরে বাম দিকে এই অপশনগুলোতে ক্লিক করছি এটি ওই কলামগুলোকে উজ্জ্বল করছে। টেবিল দেখতে অসাধারণ করতে একটি এক-ক্লিক স্টাইল দিয়ে চেষ্টা করে দেখতে হবে এবং বাড়তি অপশন ব্যবহার করতে হবে টেবিল ডিজাইন রিবনের বাম দিক থেকে।




এবার আরেকটু দৃষ্টিনন্দন করতে টেবিল ডিজাইন রিবনের "Effects" অপশনে ক্লিক করে সেল বেভাল থেকে প্রয়োজনীয় ডিজাইনটি নির্বাচন করা যেতে পারে।




মাত্র কয়েকটি ক্লিক করে আমরা কিছু অসাধারণ দেখতে পাওয়ারপয়েন্ট টেবিল স্টাইল করেছি কজ

*ফিডব্যাক : anowar@trainingbangla.com*

CJLive
Offer LIVE Webcasting and Conferencing




Starting From
Only 15,000 BDT

About Us

The Comjagat Technologies provides Live Webcasting services to Government Organizations, Business Organizations, NGO's, Educational Institutions, other types of organizations and individuals. We provide Live Webcasting services, which attract more viewers from any part of the world to attend a live event online. It has 7 years' Experience in this area and covered 500+ local and international events.

Our Service
- Live Webcast
- High Quality Video DVD
- Online archive
- Multimedia Support
- Switching Panel

The program we live webcast…
- Seminar, Workshop
- Wedding ceremony
- Press conference
- AGM or
- Any event

01670223187
01711936465

comjagat TECHNOLOGIES
House- 29, Road- 6, Dhanmondi,
Dhaka- 1205, E-mail: live@comjagat.com